



পাঠ ৩

## যীশু খ্রীষ্ট কে?

কেন যীশুকে ঈশ্বরের “প্রথমজাত” পুত্র বলা হয়? (১)

কেন তাঁকে “বাক্য” বলা হয়? (১)

কেন একজন মনুষ্যরূপে যীশু পৃথিবীতে এসেছিলেন? (২-৪)

কেন তিনি অলৌকিক ঘটনাসকল সম্পাদন করেছিলেন? (৫)

অদূর ভবিষ্যতে যীশু কী করবেন? (৬)



১. যীশু পৃথিবীতে আসার পূর্বে স্বর্গে এক আত্মিক ব্যক্তিরূপে বাস করতেন। তিনি ঈশ্বরের প্রথম সৃষ্টি ছিলেন, সেইজন্য তাঁকে ঈশ্বরের “প্রথমজাত” পুত্র বলা হয়। (কলসীয় ১:১৫; প্রকাশিত বাক্য ৩:১৪) যীশু হলেন একমাত্র পুত্র যাকে ঈশ্বর নিজে সৃষ্টি করেছিলেন। স্বর্গে ও পৃথিবীতে বাকি সমস্ত বিষয় সৃষ্টি করতে যিহোবা মনুষ্যপূর্ব যীশুকে তাঁর “কার্যকারী” হিসাবে ব্যবহার করেছিলেন। (হিতোপদেশ ৮:২২-৩১; কলসীয় ১:১৬, ১৭) ঈশ্বর তাকে আরও ব্যবহার করেছিলেন তাঁর প্রধান মুখপাত্র হিসাবে। এই কারণেই যীশুকে

“বাক্য” বলা হয়।—যোহন ১:১-৩; প্রকাশিত বাক্য ১৯:১৩.

২. ঈশ্বর তাঁর পুত্রকে পৃথিবীতে পাঠিয়েছিলেন মরিয়মের গর্ভে তাঁর জীবনকে স্থানান্তরিত করার দ্বারা। তাই যীশুর কোন মনুষ্য পিতা ছিল না। এই কারণেই তিনি কোন পাপ অথবা অসিদ্ধতার উত্তরাধিকারী ছিলেন না। ঈশ্বর যীশুকে পৃথিবীতে পাঠিয়েছিলেন তিনটি কারণের জন্য: (১) ঈশ্বর সম্বন্ধীয় সত্য আমাদের শেখাতে (যোহন ১৮:৩৭), (২) সম্পূর্ণরূপে বিশ্বস্ততা বজায় রাখতে, আমাদের অনুসরণের জন্য এক আদর্শ রেখে গিয়ে (১ পিতর ২:২১) এবং (৩) পাপ ও মৃত্যু থেকে আমাদের মুক্ত করার জন্য তাঁর জীবন বলিদান দিতে। কেন এর প্রয়োজন হয়েছিল?—মথি ২০:২৮.

৩. ঈশ্বরের আজ্ঞা অমান্য করার দ্বারা, প্রথম মানব, আদম, বাইবেল যাকে বলে “পাপ” তাই করেছিল। তাই ঈশ্বর তাকে মৃত্যুর দণ্ডাজ্ঞা দিয়েছিলেন। (আদিপুস্তক ৩:১৭-১৯) ঈশ্বরের মানদণ্ড অনুযায়ী পরিমাপযোগ্য সে আর ছিল না, তাই আর সে সিদ্ধও রইল না। ক্রমশ সে বৃদ্ধ হয়েছিল এবং মারা গিয়েছিল। আদম তার সকল সন্তানসন্ততির মধ্যে পাপ প্রবেশ করিয়ে দিয়েছিল। এই কারণেই আমরাও বৃদ্ধ হই, অসুস্থ হই ও মারা যাই। মানবসমাজকে কিভাবে রক্ষা করা যেতে পারে?—রোমীয় ৩:২৩; ৫:১২.



যীশুর পরিচর্যার অন্তর্ভুক্ত ছিল  
শিক্ষাদান, অলৌকিক কাজ সম্পাদন  
এবং এমনকি আমাদের জন্য তাঁর জীবনদান করাও



৪. যীশু ঠিক আদমের মতই এক সিদ্ধ মানব ছিলেন। যদিও, আদমের বিপরীতে, এমনকি সর্বাপেক্ষা কঠিন পরীক্ষার মধ্যেও যীশু ঈশ্বরের প্রতি সম্পূর্ণরূপে বাধ্য ছিলেন। সুতরাং আদমের পাপের মূল্য প্রদান করতে তিনি তাঁর সিদ্ধ মানব জীবন বলিদান দিতে পারতেন। একেই বাইবেলে উল্লেখ করা হয়েছে “মুক্তির মূল্যরূপে।” এইভাবেই আদমের সন্তানগণ মৃত্যুর দণ্ডাজ্ঞা থেকে মুক্তি পেতে পারে। সকলেই যারা যীশুর উপরে বিশ্বাস স্থাপন করে, তারা তাদের পাপের ক্ষমা এবং অনন্ত জীবন পেতে পারে।—১ তীমথিয় ২:৫, ৬; যোহন ৩:১৬; রোমীয় ৫:১৮, ১৯.

৫. পৃথিবীতে থাকাকালীন যীশু পীড়িতদের সুস্থ করেছিলেন, ক্ষুধার্তদের খাইয়েছিলেন এবং ঝড় থামিয়েছিলেন। এমনকি তিনি মৃতদেরও উত্থাপন করেছিলেন। তিনি কেন এই সকল অলৌকিক কাজ সম্পাদন করেছিলেন? (১) যারা দুঃখকষ্ট ভোগ করছিল সেই লোকদের জন্য তিনি কৰুণা বোধ করেছিলেন এবং তিনি তাদের সাহায্য করতে চেয়েছিলেন। (২) তাঁর অলৌকিক কাজগুলি প্রমাণ দিয়েছিল যে তিনি ঈশ্বরের পুত্র। (৩) সেগুলি

দেখিয়েছিল যে বাধ্য মানবজাতির জন্য তিনি কী করবেন যখন তিনি রাজ্যরূপে পৃথিবীর উপরে শাসন করবেন।—মথি ১৪:১৪; মার্ক ২:১০-১২; যোহন ৫:২৮, ২৯.

৬. যীশু মারা গিয়েছিলেন ও ঈশ্বর কর্তক এক আত্মিক প্রাণীরূপে পুনরুত্থিত হয়েছিলেন এবং তিনি স্বর্গে ফিরে গিয়েছিলেন। (১ পিতর ৩:১৮) সেই সময় থেকে, ঈশ্বর তাঁকে একজন রাজা করেছেন। শীঘ্রই যীশু এই পৃথিবী থেকে সমস্ত দুঃখতা এবং দুঃখকষ্ট দূর করবেন।—গীতসংহিতা ৩৭:৯-১১; হিতোপদেশ ২:২১, ২২.

